# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৫. ৬. আগুনের ইন্ধন হওয়া অবাধ্যদের শাস্তি

আমরা দেখেছি, ক্যাথলিক বাইবেলের ৩৩ নং পুস্তক ও প্রটেস্ট্যান্ট বাইবেলের ২৬ নং পুস্তক যিহিস্কেল, ইহিস্কেল বা এজেকিয়েল (Ezekiel)। যদিও পুস্তকটা ক্যাথলিক ও প্রটেস্ট্যান্ট উভয় বাইবেলেই বিদ্যমান, তবে অধ্যায় ও শ্লোকের মধ্যে তারতম্য রয়েছে। প্রটেস্ট্যান্ট কেরি বাইবেল বা কিতাবুল মোকাদ্দসের যিহিস্কেল বা ইহিস্কেল পুস্তকের ২১/৩১-৩২ ও ক্যাথলিক জুবিলী বাইবেলের এজেকিয়ের পুস্তকের ২১/৩৬-৩৭ নিম্নরূপ: "আমি তোমাদের এমন নিষ্ঠুর লোকদের হাতে তুলে দেব যারা ধ্বংস করবার কাজে পাকা। তোমরা আগুনের জন্য কাঠের মত হবে। (fuel for the fire: জুবিলী বাইবেল: আগুনের ইন্ধন হবে) তোমাদের রক্ত তোমাদের দেশের মধ্যেই পড়বে..."

বাইবেল অন্যত্র বলছে: "যে লোক তাদের ধরতে যায় তাকে ব্যবহার করতে হয় লোহার অস্ত্রশস্ত্র কিংবা বর্শা; তাই তারা যেখানে আছে সেখানেই তাদের পুড়িয়ে ফেলা হবে।" (২ শামুয়েল ২৩/৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14411

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন